

তারিখ : 06/04/2016

জেলা-24 পরগণা(উঃ),পশ্চিমবঙ্গ স্থিত দি পাণিহাটি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড- এর উপর আরবিআই, কর্তৃক দন্ড  
আরোপ

ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 47 A(1) (b) তৎসহ পঠিত ধারা 46 (4) -এর অধীনে ন্যস্ত ক্ষমতাবলে, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এপ্রিল 16, 2014 তারিখের আদেশের মাধ্যমে, জারিকৃত নির্দেশিকা (বিশেষ নিয়ন্ত্রণবিধি) লঙ্ঘন করার জন্য এবং আপনার গ্রাহককে জানুন রীতি(নো ইওর কাস্টমার নর্ম) /অবৈধ অর্থনৈতিক লেনদেন নিরোধক বিধি(অ্যান্টি মানি লন্ডারিং মেজারস)/ সন্ত্রাস-এর আর্থিক পৃষ্ঠপোষণ প্রতিরোধ (কমব্যাটিং অফ ফিন্যান্সিং অফ টেররিজম)/প্রিভেনশন অফ মানি লন্ডারিং অ্যাক্ট (পিএমএলএ), 2002 এর অধীনে ন্যস্ত ব্যাঙ্কগুলির দায়বদ্ধতা সংক্রান্ত বিষয়ের উপর জুলাই 01,2015 তারিখের মাস্টার সার্কুলারের অন্তর্গত নির্দেশগুলি লঙ্ঘন করার জন্য জেলা-24 পরগণা(উঃ),পশ্চিমবঙ্গ, পিন-700 114-তে স্থিত দি পাণিহাটি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর উপর 2.00 লক্ষ (দুই লক্ষ মাত্র) টাকার আর্থিক জরিমানা আরোপ করেছে।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক উক্ত ব্যাঙ্কটির উদ্দেশ্যে একটি 'কারণ-দর্শানো'-র সূচনা(নোটিশ) জারি করেছিল,যার পরিপ্রেক্ষিতে ব্যাঙ্কটি তার জবাব জমা দেয়াতথ্য ও পরিস্থিতির যথার্থতা বিচার করার পর এবং এ বিষয়ে ব্যাঙ্কের দেওয়া জবাবটি বিবেচনার পর ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এই সিদ্ধান্তে উপনীত হয় যে বিধিলঙ্ঘনগুলি প্রমাণিত এবং উক্ত দন্ড আরোপ ন্যায্য।

প্রেস বিজ্ঞপ্তিঃ2015-2016/2360

অজিত প্রসাদ  
সহকারি উপদেষ্টা (অ্যাসিস্টেন্ট অ্যাডভাইসার)